গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
রাজবাড়ী সদর, রাজবাড়ী।
www.sadar.rajbari.gov.bd

রাজবাড়ী সদর উপজেলার এপ্রিল/২০২৪ মাসের আইন শৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী ।

সভাপতি : মো: রবিউল আলম
উপজেলা নির্বাহী অফিসার
রাজবাড়ী সদর, রাজবাড়ী ।

তারিখ : ২২/০৪/২০২৪ খ্রি:।

সময় : বেলা ১১.০০ ঘটিকা।

স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো।

সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতি বলেন, ১৭ এপ্রিল বাঙ্গালী জাতির স্বাধীনতা সংগ্রামের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। ১৭ই এপ্রিল মেহেরপুর জেলার বৈদ্যনাথতলা (বর্তমান উপজেলা মুজিবনগর) গ্রামের আমবাগানে স্বাধীন বাংলাদেশের প্রথম সরকার শপথ গ্রহণ করেছিলো। শ্রদ্ধাভরে স্মরণ করছি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, জাতীয় চার নেতা, সকল শহীদ মুক্তিযোদ্ধা, ২ (দুই) লক্ষ নির্যাতিত মা বোন ও সকল বীর মুক্তিযোদ্ধাদেরকে।

০২. **বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন:** শুরুতেই বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। অন্য কোন সংশোধনী না থাকায় বিগত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়। অতঃপর ফেব্রুয়ারি/২০২৪ ও মার্চ/২০২৪ মাসের তুলনামূলক অপরাধ চিত্র সভায় পর্যালোচনা করা হয়।

০৩. **উপজেলার অপরাধ প্রবণতা** : ফেব্রুয়ারি/২০২৪ ও মার্চ/২০২৪ মাসের তুলনামূলক অপরাধ চিত্র নিম্নের ছকে দেখানো হলো:

মাসের নাম	খুন	ধর্ষণ	ডাকাতি/ রাহাজানি	চুরি	বিশেষ ক্ষমতা আইনে মামলা	অস্ত্র উদ্ধার	জুয়া আইনে মামলা	নারী ও শিশু নির্যাতন আইনে মামলা	প্রতারণা/ মানব পাচার	মাদক	বিস্ফোরক	সড়ক দুর্ঘটনা	অন্যান্য	মোট	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬
মার্চ/২৪	-	-	-	০৫	-	-	-	-	-	২৬	-	০২	১৫	৪৮	
ফেব্রুয়ারি /২৪	-	-	-	০৩	-	-	-	-	-	২২	-	০২	১৪	৪১	
	-	-	-	বৃদ্ধি	-	-	-	-	-	বৃদ্ধি	-	-	বৃদ্ধি	বৃদ্ধি	

তুলনামূলক অপরাধচিত্র পর্যালোচনায় দেখা যায়, ফেব্রুয়ারি/২০২৪ মাসে চুরি-০৩টি, মাদক মামলা-২২টি ও অন্যান্য-১৪ টিসহ সর্বমোট-৩৯টি অপরাধ সংঘটিত হয়েছে। মার্চ/২০২৪ মাসে চুরি-০৫টি, মাদক মামলা-২৬টি ও অন্যান্য-১৪ টিসহ সর্বমোট-৪৫টি অপরাধ সংঘটিত হয়েছে।

সিদ্ধান্ত: রাজবাড়ী সদর উপজেলার সার্বিক অপরাধ পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখার লক্ষ্যে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণে তৎপরতা অব্যাহত রাখার জন্য অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানাকে অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে : অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা ।

০৪. **মাদক বিরোধী অভিযান, রাজবাড়ী:** সহকারী পরিচালক, মাদক নিয়ন্ত্রণ অধিদপ্তর, রাজবাড়ী এর প্রতিনিধি সভায় জানান যে, রাজবাড়ী সদর উপজেলায় মার্চ/২০২৪ মাসে ২৫টি অভিযান পরিচালনা করা হয়। মামলা সংখ্যা-০২, আসামী সংখ্যা-০২ জন। অভিযানে ইয়াবা- ১৭০ শত পিচ উদ্ধার করা হয়েছে। মাদক নিয়ন্ত্রণের লক্ষ্যে অভিযান অব্যাহত রয়েছে।

সিদ্ধান্ত : রাজবাড়ী সদর উপজেলার মাদক ক্রয়-বিক্রয় এর স্পটসমূহ চিহ্নিত করে মাদক কারবারীদের আইনের আওতায় আনার লক্ষ্যে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, পুলিশ বিভাগ, র‍্যাব এবং স্থানীয় প্রশাসনের যৌথ উদ্যোগে নিয়মিত অভিযান পরিচালনা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে: অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা, সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, রাজবাড়ী সার্কেল।

০৫. উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি ও সংশ্লিষ্ট সকল বিষয় নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত:

ক্রঃ নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
৫.১	সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, রাজবাড়ী সদর জানান যে, নদীতে জাটকা সংরক্ষণ অভিযান পরিচালিত করা হচ্ছে। গরমের কারণে মাছ মারা যেতে পারে। এ সময় পুকুরে সার প্রয়োগ বন্ধ রাখাতে হবে। ১লা নভেম্বর হতে ৩০ জুন পর্যন্ত জাটকা ধরা বন্ধ রাখতে জনপ্রতিনিধিদের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। জাটকা আহরন বন্ধে সকলের সার্বিক সহযোগিতা প্রয়োজন।	স্থানীয় হাট বাজারে জাটকা ক্রয়-বিক্রয় না হয় সে বিষয়ে স্থানীয় জনপ্রতিনিধিগণ ব্যবস্থা নিবেন।	সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, রাজবাড়ী সদর ও সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান।
৫.২	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, রাজবাড়ী সদর এর প্রতিনিধি ডাঃ অচিন্ত্য কুমার কীর্তনীয়া সভায় জানান যে, স্বাস্থ্য সেবা কার্যক্রম যথাযথভাবে পরিচালিত হচ্ছে। খানখানাপুর ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্রের পাশে খানখানাপুর নতুনপাড়া স্কুলের উন্নয়নের কাজের সময় ভেকু দিয়ে মাটি কাটার কারণে স্বাস্থ্য কেন্দ্রের সীমানা প্রাচীর ভেঙ্গে গেছে। জরুরী ভিত্তিতে সীমানা প্রাচীর সংস্কার করা প্রয়োজন। মটর সাইকেল চলাচল নিয়ন্ত্রণ করতে পারলে সড়ক দুর্ঘটনায় মৃত্যু রোধ করা সম্ভব হবে।	দ্রুত সীমানা প্রাচীর মেরামত/সংস্কার করতে হবে।	উপজেলা প্রকৌশলী, রাজবাড়ী সদর, রাজবাড়ী।
৫.৩	জনাব একেএম ইকবাল হোসেন, চেয়ারম্যান, খানখানাপুর ইউনিয়ন পরিষদ জানান যে, খানখানাপুর এলাকায় মাদক গাণিতিক হারে বৃদ্ধি পেয়েছে। জরুরী ভিত্তিতে মাদকের ছোবল থেকে মুক্ত হওয়া প্রয়োজন। তিনি আরো জানান যে, কয়েকদিন পূর্বে খানখানাপুর বাজারের মন্দির থেকে স্বর্ণ চুরি হয়েছে। মন্দির থেকে স্বর্ণ চুরির বিষয়টি তদন্তপূর্বক ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন।	১) মাদকের বিরুদ্ধে অভিযান অব্যাহত রাখতে হবে। ২) মন্দির থেকে স্বর্ণ চুরির বিষয়টি তদন্ত করতে হবে।	অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা।
৫.৪	জনাব মোঃ আব্দুর রব, চেয়ারম্যান, চন্দনী ইউনিয়ন পরিষদ জানান যে, ধাওয়াপাড়া এলাকায় বালু তোলাকে কেন্দ্র করে মাদকসহ সকল অপরাধ বৃদ্ধি পেয়েছে। মাদক ব্যাসায়ীদের তৎপরতা বৃদ্ধি পেয়েছে। মাদক নিয়ন্ত্রণ ও এলাকার আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণে পুলিশি টহল বৃদ্ধি করা প্রয়োজন। তিনি আরো জানান যে, রেললাইনের পাশে ২টি শিক্ষা প্রতিষ্ঠান রয়েছে। রেললাইন পারাপারের রাস্তায় গতিরোধক না থাকায় দুর্ঘটনা বৃদ্ধি পেয়েছে। দুর্ঘটনা রোধে রাস্তায় গতিরোধক নির্মাণ করা প্রয়োজন।	মাদক নিয়ন্ত্রণ ও আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণে পুলিশ টহল বৃদ্ধিকরতে হবে।	১। অফিসার ইন-চার্জ, রাজবাড়ী থানা।
৫.৫	জনাব মুহাম্মদ শরিফুর রহমান, চেয়ারম্যান, খানগঞ্জ ইউনিয়ন পরিষদ জানান যে, গোবিন্দপুর গ্রামে স্বর্ণের চেইন ছিনতাইকে কেন্দ্র করে অপ্রীতিকর ঘটনা ঘটলেও বর্তমানে আইন-শৃঙ্খলা স্বাভাবিক আছে। স্বর্ণের চেইন ছিনতাই এর বিষয়টি সঠিক তদন্ত হওয়া প্রয়োজন। তিনি আরো জানান যে, দাদপুর গ্রামে অতি দরিদ্র কর্মসূচি প্রকল্পে সমস্ত মাটি অন্যত্র নিয়ে যাওয়ার কারণে রাস্তা সংস্কারে জটিলতা সৃষ্টি হয়েছে। মাটি নিয়ে যাওয়া ব্যক্তির বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন।	স্বর্ণের চেইন ছিনতাই এর বিষয়টি সঠিক তদন্তকরতে হবে।	অফিসার ইন-চার্জ, রাজবাড়ী থানা।
৫.৬	জনাব মোঃ দেলোয়ার শেখ, চেয়ারম্যান, দাদশী ইউনিয়ন পরিষদ জানান যে, মাদক নিয়ন্ত্রণের লক্ষ্যে ঈদের পর ৩/৪ টি সভা অনুষ্ঠিত হয়েছে। মাদক নিয়ন্ত্রণে পুলিশের সার্বিক সহযোগিতা প্রয়োজন।	মাদক নিয়ন্ত্রণে পুলিশের সার্বিক সহযোগিতা করতে হবে।	অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা।
৫.৭	জনাব নূর মোহাম্মদ ভুঁইয়া, চেয়ারম্যান, শহীদওহাবপুর ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, এলাকার আইন-শৃঙ্খলা স্বাভাবিক আছে। বেপরোয়া গতিতে মটর সাইকেল চালানোর কারণে দুর্ঘটনা রোধ করা সম্ভব হচ্ছে না। ড্রাইভিং লাইসেন্স ও হেলমেড ছাড়া মটর সাইকেল চালকদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করতে হবে। তিনি আরো জানান যে, মাংস ব্যবসায়ীদের গরুর ছবি দিয়ে জবাই করার নির্দেশনা থাকলেও ব্যসায়ীরা সে নিয়ম না মেনেই গরু জবাই করে মাংস বিক্রয় করছেন। বিষয়টি নিয়ন্ত্রণ করা প্রয়োজন।	ড্রাইভিং লাইসেন্স ও হেলমেড ছাড়া মটর সাইকেল চালকদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করতে হবে।	অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা।
৫.৮	বীর মুক্তিযোদ্ধা জনাব মোঃ আঃ জলিল মিয়া, সভায় বক্তব্য প্রদান করেন। তিনি বলেন যে, সমাজে মাদক ব্যবসায়ী ও নেশাগ্রস্থদের সংখ্যা বৃদ্ধি পেয়েছে। রাজবাড়ী সদর উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবনের পানির লাইনের মোটর ও ওয়াশরুমের ফিটিং চুরি হয়েছে। বাজারে পুলিশি টহলের সময় মুক্তিযোদ্ধা ভবনের দিকে টহল প্রদান করতে অনুরোধ জানান।	বাজারে পুলিশি টহলের সময় মুক্তিযোদ্ধা ভবনে দিকে টহল প্রদান করতে হবে।	অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা।

০৬. অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানার প্রতিনিধি সভায় জানান যে, আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণের লক্ষ্যে পুলিশি টহল বৃদ্ধি করা হয়েছে। মাদক ও আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণে জনপ্রতিনিধিসহ সকলের সার্বিক সহযোগিতা প্রয়োজন। তিনি বলেন, জুয়া খেলা বন্ধে নিয়মিত অভিযান পরিচালনা করা হচ্ছে। অধিক গতিতে যে সকল চালক মটর সাইকেল চালায় তাদের বিরুদ্ধে নিয়মিত অভিযান পরিচালনা করা হচ্ছে। গরু চুরি রোধ কল্পে রাস্তায় চেক পোস্ট বসানো হয়েছে। মাংস ব্যবসায়ী ও পশু ব্যবসায়ীদের সাথে নিয়মিত মতবিনিময় করা হচ্ছে। মালিক বিহীন কোন পশু যাতে বিক্রয় করা না হয়, সে বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়েছে। তিনি বলেন, খানখানাপুর বাজারের মন্দির থেকে স্বর্ণ চুরি হওয়া একটি বিচ্ছিন্ন ঘটনা । মন্দিরের স্বর্ণ রক্ষার লক্ষ্যে মন্দির কমিটির দায়িত্বে ঘাটতি আছে। ঈদের সময় যথাযথভাবে পুলিশ টহল প্রদান করায় খানখানাপুর, বসন্তপুর, সুলতানপুরসহ কোন এলাকাতেই ছিনতাইয়ের ঘটনা ঘটে নাই। খানগঞ্জ এলাকার বিষয়ে কোন লিখিত অভিযোগ পাওয়া যায় নাই। ধাওয়াপাড়া ঘাট এলাকায় পুলিশ টহল অব্যাহত আছে। বর্তমানে ভিলেজ টিম এর কার্যক্রম বন্ধ আছে। ভিলেজ টিম গঠন করে রাতে পাহারা প্রদানের ব্যবস্থা করা ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তি, জনপ্রতিনিধিদের সার্বিক সহযোতিা করলে উপজেলার আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণে সহায়ক হবে। এলাকায় কাউকে সন্দেহজনক মনে হলে থানায় জানানোর জন্য সকলকে অনুরোধ জানান।

সভাপতি পরিশেষে সম্পূর্ণ সভার সারমর্ম তুলে ধরেন। তিনি জানান সামাজিক এ্যাকটিভিটি যেমন বিভিন্ন ধরণের খেলাধুলা, সামাজিক অনুষ্ঠানে যুবসমাজকে সংযুক্ত করা হলে তারা মাদক থেকে সরে আসবে। তিনি বলেন বাজার নিয়ন্ত্রণের লক্ষ্যে বাজারসমূহ নিয়মিত মনিটরিং করা হচ্ছে। অবৈধভাবে মাটি কাটায় আলীপুরে ২জনকে জরিমানা করা হয়েছে। সভায় রাজবাড়ী সদর উপজেলাকে মাদক মুক্ত, সন্ত্রাস মুক্ত, চুরি, ডাকাতি মুক্ত ও আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণে রাখার লক্ষ্যে দিকনির্দেশনামূলক বক্তব্য প্রদান করার জন্য সকলকে ধন্যবাদ জানান এবং এলাকার সার্বিক উন্নয়নে সকলের সহযোগিতার ধারা অব্যাহত রাখার আশা ব্যক্ত করেন।

বিবিধ সিদ্ধান্ত :

১) প্রতি মাসে সভা অনুষ্ঠানের ০৭ দিন পূর্বে কার্যপত্র/পূর্ববর্তী মাসের সভার সিদ্ধান্ত বাস্তবায়ন প্রতিবেদন এ কার্যালয়ে দাখিল করতে হবে।
২) চুরিসহ অন্যান্য অপরাধ রোধ কল্পে গ্রাম পুলিশদের স্বস্ব ওয়ার্ড পাহারার দায়িত্ব অব্যাহত থাকবে।
৩) মাদক ও আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণের লক্ষ্যে পুলিশ টহল অব্যাহত রাখতে হবে।
৪) শিশুদের প্রথম টিকা প্রদানকালে জন্ম নিবন্ধন সনদ বাধ্যতামূলক ভাবে দাখিল করতে হবে।
৫) দ্রুত গতিতে মটর সাইকেল চালানো নিয়ন্ত্রণ করতে হবে।
৬) ঈদের সময় রাতে রাস্তায় জনসাধারণের চলাচলে নিরাপত্তা নিশ্চিত করতে হবে।
৭) এলাকায় কাউকে সন্দেহজনক মনে হলে থানাকে অবহিত করতে হবে।

পরিশেষে আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি সুষ্ঠু ও সুন্দরভাবে সকল কার্যক্রম সফলভাবে বাস্তবায়নের আশাবাদ ব্যক্ত করে সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

22/04/24

মো: রবিউল আলম
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি
রাজবাড়ী সদর, রাজবাড়ী।

স্মারক নং-০৫.৩০.৮২৭৬.০০০.০২.০০১.২৩-৩৯৫(৪০) তারিখঃ- ২২/০৪/২০২৪ খ্রি:।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে

১। জনাব আলহাজ্ব কাজী কেরামত আলী
মাননীয় জাতীয় সংসদ সদস্য, রাজবাড়ী -১ সভাপতি, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি, ও মুখ্য উপদেষ্টা, উপজেলা আইন শৃঙ্খলা কমিটি, রাজবাড়ী সদর, রাজবাড়ী ।
২। জেলা প্রশাসক, রাজবাড়ী ।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপদেষ্টা, উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি, রাজবাড়ী সদর, রাজবাড়ী।
৪। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ রাজবাড়ী সদর, রাজবাড়ী।
৫। সহকারী প্রোগ্রামার, রাজবাড়ী সদর, রাজবাড়ীকে উক্ত কার্যবিবরণী এ কার্যালয়ের ওয়েব পোর্টালে প্রদানের জন্য অনুরোধ করা হলো।
৬-৩৫। .... সদস্য, উপজেলা আইন শৃঙ্খলা কমিটি, রাজবাড়ী সদর, রাজবাড়ী।

22/04/24

উপজেলা নির্বাহী অফিসার
রাজবাড়ী সদর, রাজবাড়ী।